

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১১তম সভা এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রণয়নকৃত কর্ম-পরিকল্পনা অনুমোদনের কার্যবিবরণী।

সভাপতি : জনাব বাবলু কুমার সাহা, অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)।

তারিখ ও সময় : ২৫.০৪.২০১৮ খ্রিঃ, সকালঃ ১০:৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি জনাব বাবলু কুমার সাহা, অতিরিক্ত সচিব (হাসপাতাল), উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি সেবা প্রতিষ্ঠানসমূহে নৈতিকতার গুরুত্ব তুলে ধরে জানান, দেশের স্বাস্থ্য সেবার মানোন্নয়নে সরকারি সেবা প্রতিষ্ঠানসমূহে নৈতিকতার গুরুত্ব অপরিসীম। নৈতিকতা হচ্ছে মানবিক মূল্যবোধ। প্রতিষ্ঠানে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠার জন্য নীতিগত অবস্থানকে দৃঢ় করতে হবে। মন্ত্রিপরিষদ-বিভাগে নিয়মিতভাবে প্রেরণের নিমিত্তে কর্ম-পরিকল্পনা অনুযায়ী (এপ্রিল, ১৮-জুন, ১৮) ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট সকল শাখা/অধিশাখা এবং অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ জানান এবং নিজেই হীনমন্য না ভেবে কর্তব্যনিষ্ঠা, সততা এবং জবাবদিহিতার মাধ্যমে কাজ করে সোনার বাংলা গড়তে হবে। ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রণয়নকৃত কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য নৈতিকতা কমিটির সকল সদস্যগণকে অনুরোধ করেন এবং সর্বসম্মতিক্রমে এ কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হয়।

০২. বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ জনাব মোঃ কায়েসুজ্জামান, উপসচিব (প্রশাসন-৪) সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়।

০৩. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও পর্যালোচনা:

(ক) আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার: জনাব মোঃ কায়েসুজ্জামান, উপসচিব (প্রশাসন-৪) জানান, আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ আইন ২০১৬ গত ৯ মার্চ ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। মানসিক স্বাস্থ্য আইন প্রণয়নের লক্ষ্যে মন্ত্রিসভার নীতিগত অনুমোদনের পর গত ২৪ জানুয়ারি ডেটিং এর জন্য নথি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

(খ) ই-গভর্নেন্সঃ

১. অনলাইন রেসপন্স সিস্টেম চালুঃ জনাব আহমেদ লতিফুল হোসেন, সিস্টেম এনালিস্ট, জানান যে, বর্তমানে স্বাস্থ্য সেবা বিভাগের বেশির ভাগ অধিশাখা/শাখায় ই-মেইলের মাধ্যমে চিঠি আদান প্রদান করা হচ্ছে। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের সকল দপ্তরের কর্মকর্তাদের নিয়মিত অফিসিয়াল ই-মেইলের মাধ্যমে চিঠিপত্র আদান প্রদানের অনুরোধ জানান। তিনি আরো জানান, মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে বিভিন্ন অধিদপ্তর/দপ্তর এবং স্টেকহোল্ডারদের সাথে তথ্য আদান প্রদান করা হচ্ছে। স্বাস্থ্য সেবা বিভাগের Facebook page খোলা হয়েছে। এই Facebook page এ সকল কর্মকর্তাকে সম্পৃক্ত হতে অনুরোধ জানান। সভাপতি উপস্থিত কর্মকর্তাদের মাঠ পর্যায়ে মনিটরিং ব্যবস্থা আরও জোরদার করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। তিনি প্রতিমাসে মাঠ পর্যায়ে কতটি ফোন করে মনিটরিং করা হয়েছে তা ছক আকারে পরবর্তী সভায় উপস্থাপন করতে অনুরোধ করেন।

২. ভিডিও কনফারেন্সঃ জনাব আহমেদ লতিফুল হোসেন, সিস্টেম এনালিস্ট জানান যে, বর্তমানে মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরে ভিডিও কনফারেন্স নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে।

